গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৭৫.১৬(১)-৯২৯

তারিখ : ২৪ আষাঢ় ১৪৩১ / ০৮ জুলাই ২০২৪

**বিষয় : নিকাহ রেজিস্ট্রারের মৃত্যুজনিত কারণে শূন্য অধিক্ষেত্রের জন্য প্যানেল আহবান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৬ অনুযায়ী মৃত্যুজনিত কারণে কোন নিকাহ রেজিস্ট্রারের অধিক্ষেত্র শূন্য হলে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রার নতুন নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবানপূর্বক প্যানেল প্রস্তুত করে সরাসরি আইন ও বিচার বিভাগে প্রেরণ করতে পারেন। এক্ষেত্রে, আইন ও বিচার বিভাগের কোন পূর্বানুমোদন প্রয়োজন নেই।

এমতাবস্থায়, পূর্বের নিকাহ রেজিস্ট্রারের মৃত্যুর বিষয় নিশ্চিত হয়ে তাঁর মৃত্যুসনদ, মূল লাইসেন্স, জাতীয় পরিচয়পত্রসহ অন্যান্য কাগজাদি যাচাই-বাছাই করত উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/ স্থগিতাদেশ/ স্থিতাবস্থা না থাকলে সাবেক নিকাহ রেজিস্ট্রারের লাইসেন্সের ছায়ালিপি এবং মৃত্যুসনদের ছায়ালিপিযুক্ত প্রতিবেদনসহ শূন্য অধিক্ষেত্রে নতুন নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত প্রস্তুতকৃত প্যানেল মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ অনুসরণপূর্বক সরাসরি আইন ও বিচার বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রারগণ-কে নির্দেশনা প্রদান করা হলো।

০৮/০৭/২৪

(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে :

০১। জেলা রেজিস্ট্রার (সকল)।
০২। সাব-রেজিস্ট্রার (সকল)।
০৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।